# এজেন্ট ব্যাংকিং কার্যক্রমের ত্রৈমাসিক প্রতিবেদন

## ( জানুয়ারি-মার্চ ২০১৭ )


ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

# এজেন্ট ব্যাংকিং কার্যক্রমের ত্রৈমাসিক প্রতিবেদন
# ( জানুয়ারি-মার্চ ২০১৭ )

৩১ মার্চ ২০১৭ তারিখ পর্যন্ত ১৪ টি তফসিলি ব্যাংক বাংলাদেশ ব্যাংক হতে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স গ্রহণ করেছে। তন্মধ্যে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনাকারী ১১টি ব্যাংক কর্তৃক প্রেরিত জানুয়ারি-মার্চ ২০১৭ ত্রৈমাসিকের তথ্যের আলোকে এজেন্টের সংখ্যা, সাব-এজেন্ট বা আউটলেটের সংখ্যা, হিসাব সংখ্যা, মোট হিসাব সংখ্যায় পুরুষ ও মহিলার সংখ্যা, ব্যাংকিং চ্যানেলে বিভিন্ন দেশ হতে প্রেরিত এজেন্ট আউটলেটের মাধ্যমে প্রদত্ত রেমিট্যান্সের পরিমাণ এবং বিভিন্ন হিসাবের মোট স্থিতির পরিমাণ নিম্নরূপ:

| ক্রম | ব্যাংকের নাম | এজেন্ট সংখ্যা | আউটলেট সংখ্যা | হিসাব সংখ্যা (পুরুষ) | হিসাব সংখ্যা (মহিলা) | মোট হিসাব সংখ্যা | ইনওয়ার্ড রেমিট্যান্স (লক্ষ টাকায়) | মোট স্থিতি (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ডাচ বাংলা ব্যাংক লি. | ৪৩৪ | ১৪২৩ | ৩৬৬২৭১ | ১১১৭২২ | ৪৭৭৯৯৩ | ২১১২৬ | ২২৬৮৩ |
| ২ | ব্যাংক এশিয়া লি. | ১১৪০ | ১১৮২ | ৮৯৪৭৭ | ৭২৯০১ | ১৬২৩৭৮ | ২৬৯৮৪ | ১১৬৭২ |
| ৩ | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. | ৫৫ | ৭৭ | ২৫৮৫৩ | ১৪৮৬৮ | ৪০৭২১ | ৮৩৪২ | ১১৯৯৬ |
| ৪ | সোস্যাল ইসলামী ব্যাংক লি. | ১ | ৬০ | ৫১২৮ | ৫৩০৫ | ১০৪৩৩ | ১৩ | ৬৮ |
| ৫ | মধুমতি ব্যাংক লি. | ৮৫ | ৮৫ | ১২৫৯ | ৬২৬ | ১৮৮৫ | ১৪ | ৫৮ |
| ৬ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি. | ১৯ | ২০ | ২৮২৮ | ১৭৪৩ | ৪৫৭১ | ৩৪৯ | ৯৩৩ |
| ৭ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি. | ৩ | ১২৯ | ২৫০৪ | ১৭৩৫ | ৪২৩৯ | ২ | ৬৪ |
| ৮ | স্ট্যান্ডার্ড ব্যাংক লি. | ০৯ | ০৯ | ১৬০১ | ৯৬৫ | ২৫৬৬ | ২৭৮ | ৩৩৭ |
| ৯ | অগ্রণী ব্যাংক লি. | ১ | ৩০ | ৩৭২৬ | ১৮৯২ | ৫৬১৮ | ১৩৯ | ১২৭ |
| ১০ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. | ৭ | ৭ | ১৩৮৬ | ৬৬৬ | ২০৫২ | ০ | ১৯৭ |
| ১১ | মিডল্যান্ড ব্যাংক লি. | ০১ | ০১ | ২৮ | ১৫ | ৪৩ | ০.৩৮ | ৩ |
| | মোট | ১,৭৫৫ | ৩,০২৩ | ৫,০০,০৬১ | ২,১২,৪৩৮ | ৭,১২,৪৯৯ | ৫৭,২৪৭.৩৮ | ৪৮,১৩৮ |

১১টি ব্যাংকের এজেন্ট আউটলেট কর্তৃক গ্রাহকের ব্যাংক হিসাব খোলার তথ্য চিত্র:



২. ১১টি ব্যাংকের এজেন্ট আউটলেট কর্তৃক গ্রাহকের ব্যাংক হিসাব খোলার তুলনামূলক তথ্য :

| ক্রম | ব্যাংকের নাম | ৩১ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত হিসাব সংখ্যা | ৩১ মার্চ ২০১৭ পর্যন্ত হিসাব সংখ্যা | পরিবর্তন | |
|---|---|---|---|---|---|
| | | | | সংখ্যা | % |
| ১ | ডাচ বাংলা ব্যাংক লি. | ৩৬৭৬২৬ | ৪৭৭৯৯৩ | ১১০৩৬৭ | ৩০ |
| ২ | ব্যাংক এশিয়া লি. | ১৩০০৪৭ | ১৬২৩৭৮ | ৩২৩৩১ | ২৪ |
| ৩ | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. | ৩০৫৬৪ | ৪০৭২১ | ১০১৫৭ | ৩৩ |
| ৪ | সোস্যাল ইসলামী ব্যাংক লি. | ৫৩০৮ | ১০৪৩৩ | ৫১২৫ | ৯৬ |
| ৫ | মধুমতি ব্যাংক লি. | ১০৭৬ | ১৮৮৫ | ৮০৯ | ৭৫ |
| ৬ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি. | ২৫০৫ | ৪৫৭১ | ২০৬৬ | ৮২ |
| ৭ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি. | ৩২৮০ | ৪২৩৯ | ৯৫৯ | ২৯ |
| ৮ | স্ট্যান্ডার্ড ব্যাংক লি. | ১৬৪১ | ২৫৬৬ | ৯২৫ | ৫৬ |
| ৯ | অগ্রণী ব্যাংক লি. | ১৮৫৬ | ৫৬১৮ | ৩৭৬২ | ২০২ |
| ১০ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. | ৬৩৩ | ২০৫২ | ১৪১৯ | ২২৪ |
| ১১ | মিডল্যান্ড ব্যাংক লি. | ০ | ৪৩ | ৪৩ | - |
| | মোট | ৫,৪৪,৫৩৬ | ৭,১২,৪৯৯ | ১,৬৭,৯৬৩ | ৩১ |

১১টি ব্যাংক কর্তৃক ৩,০২৩টি এজেন্ট ব্যাংকিং আউটলেটের মাধ্যমে মোট হিসাব খোলা হয়েছে ৭,১২,৪৯৯ টি । ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত হিসাব সংখ্যা ছিল ৫,৪৪,৫৩৬টি। বর্তমান ত্রৈমাসিকে হিসাব বৃদ্ধি পেয়েছে ১,৬৭,৯৬৩টি (প্রায় ৩১%)। শতকরা হিসেবে সর্বোচ্চ ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি.এর হিসাব সংখ্যা বৃদ্ধি পেয়েছে ২২৪% এবং সবচেয়ে কমসংখ্যক হিসাব বৃদ্ধি পেয়েছে ব্যাংক এশিয়া লি.(২৪%) ।

৩. গ্রাহকের হিসাবে মোট স্থিতির তুলনামূলক তথ্য :

| ক্রম | ব্যাংকের নাম | ৩১ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত স্থিতি (লক্ষ টাকায়) | ৩১ মার্চ ২০১৭ পর্যন্ত স্থিতি (লক্ষ টাকায়) | পরিবর্তন | |
|---|---|---|---|---|---|
| | | | | লক্ষ টাকায় | % |
| ১ | ডাচ বাংলা ব্যাংক লি. | ১৮৬৩১ | ২২৬৮৩ | ৪০৫২ | ২২ |
| ২ | ব্যাংক এশিয়া লি. | ১০৫৫৭ | ১১৬৭২ | ১১১৫ | ১১ |
| ৩ | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. | ৮০২৪ | ১১৯৯৬ | ৩৯৭২ | ৫০ |
| ৪ | সোস্যাল ইসলামী ব্যাংক লি. | ৬০ | ৬৮ | ৮ | ১৩ |
| ৫ | মধুমতি ব্যাংক লি. | ৪৭ | ৫৮ | ১১ | ২৩ |
| ৬ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি. | ৩৪৫ | ৯৩৩ | ৫৮৮ | ১৭০ |
| ৭ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি. | ৩৫ | ৬৪ | ২৯ | ৮৩ |
| ৮ | স্ট্যান্ডার্ড ব্যাংক লি. | ২২৯ | ৩৩৭ | ১০৮ | ৪৭ |
| ৯ | অগ্রণী ব্যাংক লি. | ৪০ | ১২৭ | ৮৭ | ২১৮ |
| ১০ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. | ১০০ | ১৯৭ | ৯৭ | ৯৭ |
| ১১ | মিডল্যান্ড ব্যাংক লি. | ০ | ৩ | ৩ | - |
| | মোট | ৩৮,০৬৮ | ৪৮,১৩৮ | ১০,০৭০ | ২৬ |

১১টি ব্যাংক কর্তৃক ৩,০২৩টি আউটলেটের মাধ্যমে গ্রাহকের খোলা হিসাবসমূহে মোট স্থিতির পরিমাণ ৪৮১ কোটি ৩৮ লক্ষ টাকা। ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত মোট স্থিতির পরিমাণ ছিল ৩৮০ কোটি ৬৮ লক্ষ টাকা। বর্তমান ত্রৈমাসিকে স্থিতি বৃদ্ধি পেয়েছে ১০০ কোটি ৭০ লক্ষ টাকা (প্রায় ২৬%)। অগ্রনী ব্যাংক লি.এর স্থিতি বৃদ্ধি পেয়েছে ২১৮%। শতকরা স্থিতি বৃদ্ধিতে ২য় ও ৩য় অবস্থানে রয়েছে যথাক্রমে মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি. (১৭০%) ও ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. (৯৭%)। অপরদিকে ২২৬ কোটি ৮৩ লক্ষ টাকা স্থিতি নিয়ে শীর্ষে অবস্থান করছে ডাচ বাংলা ব্যাংক লি.। গ্রাহক হিসাবে মোট স্থিতির পরিমাণে ২য় ও ৩য় অবস্থানে রয়েছে আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি.(১১৯ কোটি ৯৬ লক্ষ টাকা) ও ব্যাংক এশিয়া লি. ( ১১৬ কোটি ৭২ লক্ষ টাকা)।

৪ . ১১টি ব্যাংকের আউটলেটের মাধ্যমে ইনওয়ার্ড রেমিট্যান্স প্রদানের তথ্য :

| ক্রম | ব্যাংকের নাম | ৩১ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত (লক্ষ টাকায়) | ৩১ মার্চ ২০১৭ পর্যন্ত (লক্ষ টাকায়) | পরিবর্তন | |
|---|---|---|---|---|---|
| | | | | লক্ষ টাকায় | % |
| ১ | ডাচ বাংলা ব্যাংক লি. | ৪২৩৩ | ২১১২৬ | ১৬৮৯৩ | ৩৯৯ |
| ২ | ব্যাংক এশিয়া লি. | ২০৪৫১ | ২৬৯৮৪ | ৬৫৩৩ | ৩২ |
| ৩ | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. | ৫৮৯১ | ৮৩৪২ | ২৪৫১ | ৪২ |
| ৪ | সোস্যাল ইসলামী ব্যাংক লি. | ৮ | ১৩ | ৫ | ৬৩ |
| ৫ | মধুমতি ব্যাংক লি. | ১১ | ১৪ | ৩ | ২৭ |
| ৬ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি. | ১২৪ | ৩৪৯ | ২২৫ | ১৮১ |
| ৭ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি. | ২ | ২ | ০ | ০ |
| ৮ | স্ট্যান্ডার্ড ব্যাংক লি. | ১৫৮ | ২৭৮ | ১২০ | ৭৬ |
| ৯ | অগ্রণী ব্যাংক লি. | ৭৮ | ১৩৯ | ৬১ | ৭৮ |
| ১০ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. | ০ | ০ | ০ | ০ |
| ১১ | মিডল্যান্ড ব্যাংক লি. | ০ | ০.৩৮ | ০.৩৮ | - |
| | মোট | ৩০,৯৫৬ | ৫৭,২৪৭.৩৮ | ২৬,২৯১.৩৮ | ৮৫ |

এ পর্যন্ত ১০টি ব্যাংক কর্তৃক পরিচালিত এজেন্ট ব্যাংকিং আউটলেটের মাধ্যমে বিদেশ হতে প্রেরিত মোট ৫৭২ কোটি ৪৭ লক্ষ ৩৮ হাজার টাকা রেমিট্যান্স প্রদান করা হয়েছে। ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত যা ছিল ৩০৯ কোটি ৫৬ লক্ষ টাকা। বর্তমান ত্রৈমাসিকে প্রায় ২৬২ কোটি ৯১ লক্ষ ৩৮ হাজার টাকা রেমিট্যান্স প্রদান করা হয়েছে। ডাচ বাংলা ব্যাংক লি. বর্তমান ত্রৈমাসিকে ১৬৮ কোটি ৯৩ লক্ষ টাকা রেমিট্যান্স প্রদান করে শীর্ষে অবস্থান করছে । ৩১ মার্চ ২০১৭ ত্রৈমাসিকে রেমিট্যান্স প্রদানে ২য় ও ৩য় অবস্থান রয়েছে যথাক্রমে ব্যাংক এশিয়া লি. এবং আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লি. ।

৫. ১১টি ব্যাংক কর্তৃক খোলা এজেন্ট আউটলেটের তুলনামূলক তথ্য :

| ক্রম | ব্যাংকের নাম | ৩১ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত আউটলেট সংখ্যা | ৩১ মার্চ ২০১৭ পর্যন্ত আউটলেট সংখ্যা | পরিবর্তন | |
|---|---|---|---|---|---|
| | | | | সংখ্যা | % |
| ১ | ডাচ বাংলা ব্যাংক লি. | ১০৮১ | ১৪২৩ | ৩৪২ | ৩১ |
| ২ | ব্যাংক এশিয়া লি. | ১১৫০ | ১১৮২ | ৩২ | ০৩ |
| ৩ | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. | ৬৫ | ৭৭ | ১২ | ১৮ |
| ৪ | সোস্যাল ইসলামী ব্যাংক লি. | ৬০ | ৬০ | ০ | ০ |
| ৫ | মধুমতি ব্যাংক লি. | ৭০ | ৮৫ | ১৫ | ২১ |
| ৬ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি. | ১০ | ২০ | ১০ | ১০০ |
| ৭ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি. | ১২১ | ১২৯ | ৮ | ৭ |
| ৮ | স্ট্যান্ডার্ড ব্যাংক লি. | ৭ | ৯ | ২ | ২৯ |
| ৯ | অগ্রণী ব্যাংক লি. | ৩০ | ৩০ | ০ | ০ |
| ১০ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. | ৭ | ৭ | ০ | ০ |
| ১১ | মিডল্যান্ড ব্যাংক লি. | ০ | ১ | ১ | - |
| | মোট | ২,৬০১ | ৩,০২৩ | ৪২২ | ১৬ |

বর্তমান ত্রৈমাসিকে ৪২২টি নতুন এজেন্ট ব্যাংকিং আউটলেট দেশের বিভিন্ন স্থানে ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে যা আর্থিক অন্তর্ভুক্তিতে ইতিবাচক ভূমিকা রাখবে মর্মে আশা করা যায়। এ প্রসংগে উল্লেখ্য, সর্বশেষ ফেব্রুয়ারি এবং এপ্রিল ২০১৭ এ আরও ৩ টি ব্যাংক- ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি., ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. ও এবি ব্যাংক লি. এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স গ্রহণ করেছে।